



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইক্সাটন গার্ডেন, ঢাকা।



## বিদেশে কর্মরত কর্মী ও ডায়াসপোরা বাংলাদেশিদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির পর প্রাপ্য সুযোগ সুবিধাসমূহঃ

- ❖ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান (প্রতি মাসে ৬ষ্ঠ হতে ৮ম - ১,০০০.০০ টাকা; ৯ম ও ১০ম - ১,৫০০.০০ টাকা; একাদশ ও দ্বাদশ - ২,০০০.০০ টাকা এবং স্নাতক/স্নায়ান - ২,৫০০.০০ টাকা);
- ❖ অসুস্থ কর্মীর চিকিৎসার্থে ১ লক্ষ টাকা আর্থিক সাহায্য প্রদান;
- ❖ বৈধভাবে বিদেশ গমনকারী মৃত কর্মীর পরিবারকে ৩ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান;
- ❖ বিমানবন্দরে মৃতদেহ হস্তান্তরের সময় মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকার চেক প্রদান;
- ❖ ক্ষেত্র বিশেষে প্রবাসী মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে প্রেরণে সহযোগীতা প্রদান;
- ❖ বিদেশ গামী বা ফেরত প্রবাসী কর্মীদের জন্য স্বল্প খরচে সাময়িক অবস্থানের জন্য বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারে রাত্রিযাপনসহ পরিবহন সুবিধা (রাত প্রতি সীট ভাড়া- ২০০.০০ টাকা, সর্বোচ্চ ২ রাত);
- ❖ প্রবাসী কর্মীর সন্তানদের স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তি সহায়তা প্রদান;
- ❖ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে প্রবাসী কর্মীদের আইনগত সহায়তা প্রদান;
- ❖ প্রবাসী আটক কর্মীদের আইনগত সহায়তার মাধ্যমে মুক্তকরণসহ দেশে প্রত্যাবর্তনের সহায়তাকরণ;
- ❖ আহত, অসুস্থ ও শারীরিকভাবে অক্ষম কর্মীদের দেশে প্রেরণ ও হাসপাতালে ভর্তির ব্যবস্থা;
- ❖ বিমানবন্দর হতে অসুস্থ ও মৃত কর্মী পরিবহনের জন্য এ্যাম্বুলেন্স সুবিধা প্রদান;
- ❖ প্রবাসী বিপদগ্রস্ত নারী কর্মীদের আশ্রয়ের জন্য সেইফ হোম প্রতিষ্ঠা ও পরিচালনা;
- ❖ প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের সহজ শর্তে ঋণ প্রদান;
- ❖ প্রবাসী মৃত কর্মীর মৃত্যজনিত ক্ষতিপূরণ ও সার্ভিস বেনিফিট আদায় এবং পরিবারের নিকট হস্তান্তর;
- ❖ বাংলাদেশে প্রবাসী কর্মীর নানাবিধ অসুবিধা দূরীকরণে স্থানীয় প্রশাসনের মাধ্যমে আইনগত সহায়তা প্রদান;
- ❖ বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেক্সের মাধ্যমে কর্মীদের বিদেশ গমন ও প্রত্যাবর্তনে সহায়তা প্রদান;
- ❖ এছাড়া ভবিষ্যতে প্রবাসী কর্মী ও তার পরিবারের সদস্যদের জন্য বোর্ড কর্তৃক গৃহীত অন্যান্য সকল সুযোগ-সুবিধা প্রদান।

### সদস্যপদ নিবন্ধন নিয়মাবলীঃ

- ক) [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd) ওয়েব সাইট - এর ভাব দিকে প্রদর্শিত সদস্যপদ নিবন্ধন লিঙ্কে Click করে অন লাইন ফর্মটি (৬ পৃষ্ঠা) পূরণ করুন। উল্লেখ্য ফর্মটি পূরণের জন্য আপনার প্রয়োজনীয় তথ্যাদি এবং সদ্য তোলা একটি পাসপোর্ট সাইজের ছবি (120/150) প্রয়োজন হবে।
- খ) ফর্মটি পূরণ করতঃ Submit করলে সকল তথ্য সম্পর্কে একটি pdf ফর্ম পাবেন। অতঃপর উক্ত pdf ফর্মটি প্রিন্ট করুন;
- গ) ফর্মটির প্রিন্ট কপিতে উল্লেখিত User Name এবং Password ব্যবহার করতঃ পুনরায় Login করে আপনার পাসপোর্ট, ভিসা, আমিরাত আইডির কপি (আকামার স্থানে) (pdf ফর্মটাটে) আপলোড করুন;
- ঘ) অতঃপর উক্ত প্রিন্ট কপি ও সরকার নির্ধারিত ফি' - ১৬০.০০ দিরহামসহ দৃতাবাসের জমা করুন;
- ঙ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্দিষ্ট সময়সূচীতে সদস্যপদ গ্রহণ করুন।

বাংলাদেশ দূতাবাস, আবুধাবি, সংযুক্ত আরব আমিরাত।